

এফবিসিসিআইর আলোচনায় বক্তারা

## ব্যবসায়ী নেতা ও মেয়র, দুই দিকেই আনিসুল হক ছিলেন সফল

✍ নিজস্ব প্রতিবেদক



অ +

অ -



এফবিসিসিআইর সাবেক সভাপতি ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক মেয়র প্রয়াত আনিসুল হকের পঞ্চম মৃত্যুবার্ষিকীতে তার আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে সংগঠনটি।

আলোচনায় অংশ নিয়ে এফবিসিসিআইর সিনিয়র সহসভাপতি মোস্তফা আজাদ চৌধুরী বাবু বলেন, আগে বিভিন্ন জেলা চেম্বারগুলোর নিজস্ব কোনো ভবন ছিল না। অনেক চেম্বার যত্রতত্র ভাড়া ভবনে অবস্থিত ছিল। জেলা চেম্বারের নিজস্ব ভবন নির্মাণসহ এর কার্যক্রম গতিশীল করতে আনিসুল হক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছিলেন।

ব্যবসায়ী নেতা এবং সিটি কর্পোরেশনের মেয়র- দুইভাবেই আনিসুল হক

ছিলেন সফল।

এফবিসিসিআইর সহসভাপতি মো. আমিন হেলালী বলেন, ব্যবসা বাণিজ্য ও রাজধানীর উন্নয়নে প্রয়াত আনিসুল হকের অবদান মানুষ অনেকদিন মনে রাখবে।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে আনিসুল হকের সাথে বিভিন্ন সময়ে কাজ করার অভিজ্ঞতার কথা তুলে ধরেন উপস্থিত ব্যবসায়ী নেতারা। তারা জানান, ব্যবসায়ীদের বিভিন্ন সমস্যা সমাধানে আনিসুল হক যেসব প্রতিশ্রুতি দিতেন, সেগুলো শতভাগ বাস্তবায়নের চেষ্টা করতেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এফবিসিসিআইর পরিচালক এমজিআর নাসির মজুমদার, হাফেজ হারুন, আবু মোতালেব, ইকবাল শাহরিয়ার, শাহীন আহমেদ, মো. নাসের, আবু হোসেন ভূঁইয়া (রানু), আক্কাস মাহমুদ, মহাসচিব মোহাম্মদ মাহফুজুল হক, ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির কো-চেয়ারম্যান আজিজুল হক, ইয়াকুব হোসেন মালিক, মো. আবদুল ওয়াদুদসহ অব্যবসায়ী নেতারা।